# স্বাগতম



## শিক্ষক পরিচিতি


মোহাম্মাদ মজিবুর রহমান ভূঁইয়া

সহকারী অধ্যাপক

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

মোবাইলঃ ০১৮১৭৬০৯৯৭২

ইমেইলঃ islamichistoryvictoria@gmail.com


## পাঠ পরিচিতি

অনার্স চতুর্থ বর্ষ

সেশনঃ ২০১৬-১৭

কোর্সের নামঃ

মুসলিম প্রত্নতত্ত্ব ও স্থাপত্যের ইতিহাস

তৃতীয় অধ্যায়ঃ উমাইয়া স্থাপত্য

সময়ঃ ৪৫ মিঃ

# পূর্বজ্ঞান যাচাই

১। উমাইয়া আমলের প্রথম খলিফার নাম কি?



১। খলিফা মুয়াবিয়া

২। দামেস্ক মসজিদ

# আজকের আলোচ্য বিষয়



## কুব্বাতুস সাখরা

# শিখনফল

- কুব্বাতুস সাখরা  বলতে পারবে।
- কুব্বাতুস সাখরা নির্মাণের ভূমি নকশা অংকন করতে পারবে।
- কুব্বাতুস সাখরার ভূমি পরিকল্পনা বিশদ বর্ণনা করতে পারবে।


# কুব্বাতুস সাখরা

কুব্বাতুস সাখরা মহানবী (সাঃ) এর স্মৃতি বিজড়িত মিরাজের ঘটনার স্বাক্ষী, একটি অনিন্দ্যসুন্দর স্মৃতিসৌধ ও প্রত্নতাত্ত্বিক কীর্তি হিসেবে সমধিক পরিচিত। খলিফা আব্দুল মালিক ৬৯১ সালে এটি নির্মাণ করেন। এটি ফিলিস্তিনের জেরুজালেমে অবস্থিত।

# কুব্বাতুস সাখরার নির্মাণের কারন

- রাজনৈতিক কারন
- ধর্মীয় কারন
- অর্থনৈতিক কারন

# ভূমি নকশা




2. JERUSALEM: DER FELSENDOM.








## কুব্বাতুস সাখরার ভূমি পরিকল্পনা মূলত তিন অংশে বিভক্তঃ

১) অভ্যন্তরের মাঝখানে বৃত্তাকৃতি অংশ

২) বৃত্তাকৃতির চারপাশে প্রথম অষ্টভুজ বিশিষ্ট পরিবেষ্টিত এলাকা

৩) প্রথম অষ্টভুজাকৃতি এলাকাকে ঘিরে দ্বিতীয় অষ্টভুজ বা বহিঃ প্রাচীর

# প্রস্তর খন্ড

কুব্বাতুস সাখরার  কেন্দ্রে মহা নবীর মেজারের স্তৃতিবিজরিত পাথর খন্ডটি অবস্থিত। ইহা দৈর্ঘ্যে ৬০ ফুট এবং প্রস্তে ৪৪ ফুট।

# বৃত্তাকার বেষ্টনি

এই ইমারতের সর্বাপেক্ষা পবিত্রতম এবং মূল অংশই হচ্ছে বৃত্তাকার বেষ্টনি। এতে ৪টি আয়তাকার স্তম্ভ এবং ১২ টি গোলাকার স্তম্ভ রয়েছে। বৃত্তাকার বেষ্টনির চারদিকে ১৬টি খিলান রয়েছে।

# গম্বুজ

মুসলিম স্থাপত্যে কুব্বাতুস সাখরায় সর্বপ্রথম দ্বি-গম্বুজ ব্যবহৃত হয়েছে। এর ব্যাস ৬৮ ফুট। গম্বুজের ছাদ কাঠের তৈরী। মেজ থেকে গম্বুজটি ১১৬ ফুট।

# প্রথম অষ্টভুজাকার বেষ্টনি

প্রথম অষ্টকোনাকার বেষ্টনির প্রতি কোনে ১টি করে ৬ কোন বিশিষ্ট খুটি ব্যবহার করা হয়েছে। প্রতি দুটি খুটির মাঝে দুটি করে গোলাকার স্তম্ভ ব্যবহার করা হয়েছে। তাহলে মোট স্তম্ভের সংখ্যা হল ১৮টি।

# বহিঃ প্রাচীর

বহিঃ প্রাচীরে আটটি দেওয়াল রয়েছে। প্রতিটি দেওয়াল দৈর্ঘ্য ৬৭.৫ ফুট।আটটি দেওয়ালের প্রতিটিতে ৭টি খোপ আছে। মধ্যবর্তী ৫টি খোপের উপরের দিকে জালি জানালা এবং উভয় প্রান্তে ২টি বন্ধ খোপ রয়েছে। দেওয়াল দুটি অংশে বিভক্ত রয়েছে। উপরের অংশ মোজাইক দ্বারা অলংকৃত এবং নিম্নাংশ সাদা মার্বেল পাথরের তৈরী।

# প্রবেশ পথ

কুব্বাতুস সাখরায় বহিঃ প্রাচীরের প্রধান চারদিকে ৪টি প্রবেশপথ রয়েছে। প্রতিটি প্রবেশ পথের দৈর্ঘ্য ১৪ ফুট এবং প্রস্থ ৮.৫ফুট। প্রধান প্রবেশ পথের উভয় পাশে একটি করে ছোট্ট কুঠরী রয়েছে।


## একক কাজ

| | |
|---|---|
| কুব্বাতুস সাখরা কে নির্মাণ করেন? | খলিফা আব্দুল মালিক |
| কুব্বাতুস সাখরা কোথায় অবস্থিত? | জেরুজালেম,ফিলিস্তিন |
| এটি কত সালে প্রতিষ্ঠিত হয়? | ৬৯১ খ্রিঃ |
| এর প্রবেশ পথ কয়টি? | ৪ টি |
| এর ভূমি পরিকল্পা কয় ভাগে বিভক্ত? | ৩ ভাগে |

18

# মূল্যায়ন

ভূমি নকশার বৈশিষ্ট্যগুলো চিহ্নিত কর



2. JERUSALEM: DER FELSENDOM.

# বাড়ীর কাজ

- ❖ কুব্বাতুস সাখরার ভূমি নকশা অংকন করবে ?
- ❖ কুব্বাতুস সাখরার স্থাপত্যিক বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করবে?

# ধন্যবাদ